বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১০

তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩০ / ০১ অক্টোবর,২০২৩

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম' এর নাম এবং নীতিমালা পরিবর্তন প্রসঙ্গে।**

অত্র বিভাগের ০৫ সেপ্টেম্বও ২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এবং ০৭ মে ২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর ১১.১ নং অনুচ্ছেদ এ বর্ণিত 'কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন স্কিম' তহবিলটির নাম পরিবর্তন করে "কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য পুনঃঅর্থায়ন স্কিম" হিসেবে নামকরণ করা হলো এবং উক্ত অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা নিম্নোক্তভাবে প্রতিস্থাপন করা হলো ঃ

### ১১.১ কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাত করার জন্য পুনঃঅর্থায়ন স্কিম

দেশের গ্রামাঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি খাতের পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন ও তদ্‌সংক্রান্ত সহায়ক সেবা প্রদানকারী খাতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অর্থায়নকে উৎসাহিতকরণের লক্ষ্যে এ স্কিমটি চালু রয়েছে। এ স্কিমের আওতায় বিনিয়োগযোগ্য খাত, এলাকা এবং পুনঃঅর্থায়নযোগ্য ঋণসীমা নিম্নরূপ ঃ

ক) কৃষিভিত্তিক শিল্প/সেবা উদ্যোগটি ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকার বাইরে অবস্থিত হতে হবে। এক্ষেত্রে, পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে মফস্বল এলাকার উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

খ) শিল্প উদ্যোগের ধরণ আলোচ্য সার্কুলারের ২.১ নং অনুচ্ছেদে বর্ণিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সংজ্ঞার আলোকে নিম্নরূপে নির্ধারিত হবে ঃ

| শিল্প উদ্যোগের ধরণ | উপখাত | শিল্প উদ্যোগের ধরণ নির্ণয়ের মানদন্ড | |
|---|---|---|---|
| | | জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে প্রতিস্থাপন ব্যয়সহ শিল্প প্রতিষ্ঠানের মোট স্থায়ী সম্পদের মূল্য | শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত/কর্মরত জনবলের সংখ্যা |
| কুটির শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকার নিচে | পারিবারিক সদস্যসহ অন্যান্য সদস্য সমন্বয়ে গঠিত হবে তবে ১৫ জনের অধিক নয় |
| মাইক্রো শিল্প | উৎপাদনশীল শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ৭৫ লক্ষ টাকার নিচে | ১৬ থেকে ৩০ জন বা তার চেয়ে কম |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকার নিচে | সর্বোচ্চ ১৫ জন |
| ক্ষুদ্র শিল্প | উৎপাদনশীল শিল্প | ৭৫ লক্ষ টাকা থেকে ১৫ কোটি টাকার নিচে | ৩১ থেকে ১২০ জন |
| | সেবা শিল্প | ১০ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকার নিচে | ১৬ থেকে ৫০ জন |
| মাঝারি শিল্প | উৎপাদনশীল শিল্প | ১৫ কোটি টাকার অধিক কিন্তু ৫০ কোটি টাকার বেশি নয় | ১২১ থেকে ৩০০ জন; তবে তৈরী পোশাক শিল্প/শ্রমঘন শিল্প এর জন্য সর্বোচ্চ ১০০০ জন |
| | সেবা শিল্প | ২ কোটি টাকা থেকে ৩০ কোটি টাকা | ৫১ থেকে ১২০ জন |

গ) শিল্পটিকে এসএমইএসপিডি সার্কুলার নং-২/২০১৯ এর সংযোজনী-১১ এ বর্ণিত এক বা একাধিক কৃষিভিত্তিক শিল্প খাতের অন্তর্ভুক্ত হতে হবে। তবে, তালিকা বহির্ভূত এতদ্‌সংক্রান্ত অন্যান্য উপযোগী শিল্পে প্রদত্ত ঋণের বিপরীতেও এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট (এসএমইএসপিডি) এর পূর্বানুমোদন সাপেক্ষে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা যাবে। এক্ষেত্রে এসএমইএসপিডির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঘ) শিল্প উদ্যোগটির ঋণ প্রাপ্যতার সীমা এসএমইএসপিডি সার্কুলার নং ২/২০১৯ এর ২.৬ নং অনুচ্ছেদে বর্ণিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের অনুকূলে প্রদেয় খাতভিত্তিক সর্বোচ্চ ঋণসীমা অনুযায়ী নিম্নোক্তভাবে নির্ধারিত হবে ঃ

| ঋণসীমা | কুটির উদ্যোগ | মাইক্রো উদ্যোগ | | | ক্ষুদ্র উদ্যোগ | | | মাঝারি উদ্যোগ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | উৎপাদনশীল শিল্প | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প | ব্যবসা উদ্যোগ | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প | ব্যবসা উদ্যোগ | উৎপাদনশীল শিল্প | সেবা শিল্প |
| সর্বোচ্চ ঋণসীমা* | ১৫ লক্ষ টাকা | ১ কোটি টাকা | ২৫ লক্ষ টাকা | ৫০ লক্ষ টাকা | ২০ কোটি টাকা | ৫ কোটি টাকা | ৫ কোটি টাকা | ৭৫ কোটি টাকা | ৫০ কোটি টাকা |

০৩. বর্তমানে অত্র স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন তহবিলের পরিমাণ ১৪০০ কোটি টাকা।

০৪. আলোচ্য তহবিলের আওতায় সুদের হার গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ০৭ (সাত) শতাংশ এবং পুনঃঅর্থায়নের বিপরীতে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পর্যায়ে ০২ (দুই) শতাংশ পুনঃনির্ধারণ করা হলো।

০৫. এতদ্ব্যতীত, সূত্রে উল্লেখিত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৬. ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোন: ৯৫৩০৫০২